গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রশাসন-১ অধিশাখা
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে অনুষ্ঠিত মার্চ ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব রেজওয়ানুর রহমান<br>মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। |
| স্থান | : | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |
| তারিখ | : | ৩০.০৩.২০২৬ খ্রি. |
| সময় | : | সকাল: ৩.০০ ঘটিকা |
| হাজিরা | : | পরিশিষ্ট – ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি এ অধিদপ্তরে সদ্য যোগদানকৃত জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা, ঢাকা জনাব মোঃ ছাইফুল্লাহ মজুমদারকে সকলের পক্ষ থেকে স্বাগত জানান এবং নিষ্ঠার সাথে তাঁর উপর অর্পিত দায়িত্ব পালনের পরামর্শ দেন। এরপর সভাপতি ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য শাখাভিত্তিক নথির তালিকা অনুযায়ী অন্যান্য সকল শাখার নথিসমূহ ডি-নথিতে দ্রুত নিষ্পত্তির পরামর্শ প্রদান করেন এবং ডি-নথির কার্যক্রমের উপর শাখাভিত্তিক পরিসংখ্যান উপস্থাপনের জন্য বলেন। যাদের শাখাভিত্তিক প্রতিবেদন শূন্য রয়েছে তাদের ডি নথিতে পত্র জারীর সংখ্যা বৃদ্ধি করার জন্য পরিচালকগণকে অনুরোধ জানান। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপপরিচালক (প্রশাসন-১) বিগত ১৭.০২.২০২৬ খ্রি.তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২ .অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ১. ডি-নথির পেন্ডিংসহ অন্যান্য পেন্ডিং পত্র দ্রুত নিস্পত্তির বিষয়ে আলোচনাঃ | | |
|---|---|---|
| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| ডি-নথিতে নিস্পত্তিযোগ্য শাখাভিত্তিক নথি অনুযায়ী শুধু ডি-নথিতে নিস্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বর্তমানে ডি-নথিতে নিস্পত্তিযোগ্য শাখা ভিত্তিক নথির তালিকা অনুযায়ী অন্যান্য সকল শাখার নথিসমূহ ডি-নথিতে দ্রুত নিস্পত্তির পরামর্শ প্রদান করেন। ডি-নথিতে পত্র জারীর সংখ্যা বৃদ্ধি করার জন্য পরিচালকগণের দৃষ্টি আর্কষন করেন। | ডি-নথিতে নিস্পত্তিযোগ্য শাখাভিত্তিক নথিসমূহ ডি-নথিতে নিস্পত্তি করতে হবে এবং পত্র জারীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি করতে হবে। অফিস ব্যবস্থাপনায় অফিস নথিতে ১৮ডিজিটের পরিবর্তে ২২ ডিজিটে পত্র দ্রুত জারী করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |
| ২. বিভিন্ন অভিযোগের তদন্ত সম্পর্কিত আলোচনাঃ | | |
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন অভিযোগের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি সংশ্লিষ্ট সকলকে নিয়ম মেনে তদন্তের কাজ পরিচালনা করতে বলেন এবং তদন্তকারী কর্মকর্তাগণ তদন্ত প্রতিবেদন দাখিলের সময় প্রমানক সংযুক্ত করতে হবে, প্রতিবেদনের সাথে দাখিলকৃত কাগজপত্রাদি স্বাক্ষরের বিষয়ে আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ যথাযথ প্রক্রিয়ায় তদন্তের সকল কাজ পরিচালনা করবেন। তদন্তকারী কর্মকর্তাগণ তদন্ত প্রতিবেদন দাখিলের সময় প্রমাণক সংযুক্ত করবেন ও প্রতিবেদনের সাথে দাখিলকৃত কাগজপত্রাদি স্বাক্ষর করবেন। | তদন্তকারী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |
| ০৩. বিভাগীয় মামলাঃ | | |
| ক. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে চলমান বিভাগীয় মামলার বিবরণ নিম্নরুপ: (নিচের সারণি দ্রষ্টব্য) | বিভাগীয় মামলা মোট ১৬টি তন্মধ্যে ৫নং ক্রমিকের মামলাটি যথাযথ প্রক্রিয়ায় নিস্পত্তি করা হয়েছে এবং কোন অভিযোগ পাওয়া গেলে তা নথিতে উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন-১/২) ও সহকারী পরিচালক (প্রশাসন-১) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | ১৩/২০২১ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম,সহঃ প্রকৌশলী, মুজিব কিল্লা নির্মাণ প্রকল্প | ১ম শ্রেণিতে যোগদান না করা। | একই বিষয়ে এটি মামলা নং-৩৬৬/২০১১ চলমান থাকায় বিভাগীয় মামলার কার্যক্রম স্থগিত আছে। |
| ২ | ৩৫/২০২২ | জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন পিআইও, নিকলী, কিশোরগঞ্জ | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | স্বাক্ষর যাচাইয়ের জন্য পত্র দেয়া হয়েছে। |
| ৩ | ২/২০২৪ | জনাব মোহাম্মদ আলী পিআইও, দুমকি, পটুয়াখালী | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | আদেশের অপেক্ষায় |
| ৪ | ০৩/২০২৪ | জনাব মোঃ রায়হানুল হক, অফিস সহকারী, পিআইও অফিস, | তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। | কার্যক্রম চলমান |
| ৫ | ০৫/২০২৪ | জনাব লাইয়ুব হোসেন, অফিস সহকারী, পিআইও অফিস গোপালপুর, টাংগাইল | গত ১৫-৩-২০২৬খ্রি তারিখে তাকে চাকুরি হতে বরখাস্ত (Dismissal for Service) করে মামলাটি নিস্পত্তি করা হয়েছে। | |
| ৬ | ০২/২০২৫ | মোঃ তরিকুল ইসলাম, পিআইও, বামনা, বরগুনা | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | যথাযথ প্রক্রিয়ায় বিভাগীয় মামলা নিস্পত্তি করা হয়েছে। |
| ৭ | ০৫/২০২৫ | মোঃ জাহাঙ্গীর আলম, পিআইও প্রধান কার্যালয়ে সংযুক্ত | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | মন্ত্রণালয়ের মাধ্যমে পিএসসি এর মতামত চাওয়া হয়েছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৮ | ৬/২০২৫ | মোঃ সোহেল রহমান, পিআইও, চিলমারী, কুড়িগ্রাম | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | আদেশের অপেক্ষায় | | |
| ৯ | ৭/২০২৫ | মোঃ জাহাঙ্গীর হোসেন পিআইও, আজমিরিগঞ্জ, হবিগঞ্জ (সাবেক শিবপুর, নরসিংদী) | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | আদেশের অপেক্ষায় | | |
| ১০ | ৮/২০২৫ | জনাব মোঃ মনসুর রহমান, পিআইও, বোয়ালিয়া, রাজশাহী (সাবেক গাংনী, মেহেরপুর | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | আদেশের অপেক্ষায় | | |
| ১১ | ৯/২০২৫ | জনাব মোসাঃ নাসরিন সুলতানা, পিআইও, কেশবপুর, যশোর (সাবেক বাগেরহাট সদর, বাগেরহাট) | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | আদেশের অপেক্ষায় | | |
| ১২ | ১০/২০২৫ | শেখ সাদী, অফিস সহকারী, পিআইও অফিস, মধুখালী, ফরিদপুর | অভিযোগ বিবরণী ও অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে, স্বাক্ষরের অপেক্ষায় আছে | মামলা দায়ের প্রক্রিয়াধীন | | |
| ১৩ | ১/২০২৬ | জনাব এস.এম. এ করিম, পিআইও, রামগড়, খাগড়াছড়ি (সাবেক কুতুবদিয়া, কক্সবাজার) | অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব পাওয়া গিয়েছে। | ২৩/০৪/২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানির দিন ধার্য আছে। | | |
| ১৪ | ২/২০২৬ | জনাব আবুদুল্লাহ হেল-আল-মাসুম, পিআইও, রাজস্থলী, রাংগামাটি (সাবেক শৈলকুপা, ঝিনাইদহ) | অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব পাওয়া গিয়েছে। | ঐ | | |
| ১৫ | ৩/২০২৬ | শেখ ফরিদ, উচ্চমান সহকারী, ডিআরআরও অফিস, লালমনিরহাট | অভিযোগ বিবরণী ও অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে, স্বাক্ষরের অপেক্ষায় আছে | মামলা দায়ের প্রক্রিয়াধীন | | |
| ১৬ | ৪/২০২৬ | জনাব নূর নবী সরকার, পিআইও, রাণীশংকৈল, ঠাকুরগাঁও (সাবেক শাল্লা, সুনামগঞ্জ) | অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেরণ করা হয়েছে। | জবাব পাওয়া যায়নি। | | |

খ. মামলাগুলো বিস্তারিতভাবে রেজিস্টারে মামলা নম্বর ও সালসহ হালনাগাদ আছে।

### ৪. বিভিন্ন আদালতে চলমান মামলাঃ

| | | |
|---|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের (মন্ত্রণালয়সহ) চলমান মামলার হালনাগাদ তথ্য নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>মোট মামলার সংখ্যা ১৯০টি। তন্মধ্যে রিট পিটিশন ১২৫টি সিপিএলএ ২৩টি, সিএ-০৫টি, কনটেম্পট পিটিশন ১৪টি প্রশাসনিক ট্রাইব্যুনাল ১৩টি, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল ১০টি, মোট ১৯০টি। নতুন নিয়োগকৃত প্যানেল আইনজীবীগণ মামালার কাজ পুরোদমে শুরু করেছেন। আগামীতে আইনজীবীগণ কর্তৃক কোর্টে মামলা পরিচালনার ফলাফল পাওয়া যাবে।<br>নিয়মিত মামলাসমূহ তদারকি করা হচ্ছে। আইনজীবীগণকে তাগিদ দিয়ে যথাসময়ে কোর্টে হাজিরা নিশ্চিত করা হচ্ছে। প্রতিনিয়ত মামলার হালনাগাদ তারিখ ও করণীয়সহ প্রতিবেদন প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হচ্ছে। | (i) সকল মামলার তথ্য স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিষ্টেমে Upload করতে হবে।<br>(ii) প্যানেল আইনজীবীগণের নিকট হতে প্রতি মাসে মামলার তারিখ জানতে হবে এবং মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।<br>(iii) নিয়মিত প্যানেল আইনজীবীগণের সাথে সভা করতে হবে। | উপপরিচালক (আইন)/ সহকারী পরিচালক (আইন) |

### ৫. বাজেট সংক্রান্ত আলোচনাঃ

| | | |
|---|---|---|
| উপপরিচালক (বাজেট/হিসাব) বলেন যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন শাখার বিপরীতে বাজেটে যে পরিমান বরাদ্দ রয়েছে, তা কোয়ার্টার মোতাবেক খরচ/ব্যয় করা হচ্ছে না। কোয়ার্টার মোতাবেক খরচ/ব্যয় করা না হলে চতুর্থ কোয়ার্টার ছাড় করা সম্ভব হবে না। আসবাবপত্র খাতে যে বরাদ্দ রয়েছে তা দ্রুত খরচ করতে হবে। আগামী ০২(দুই) মাসের মধ্যে বাজেট বরাদ্দ ও ব্যয় করতে হবে। শাখাগুলো হতে বিল পাওয়া যাচ্ছে না এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট পরিচালক ও উপপরিচালকগণ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন শাখার বিপরীতে যে বাজেট বরাদ্দ রয়েছে তা আগামী ০২(দুই) মাসের মধ্যে বাজেট বরাদ্দ ও খরচ সম্পন্ন করতে হবে এবং বাজেট বরাদ্দের বিপরীতে অধিদপ্তরের বিভিন্ন শাখার হতে খরচের বিল দ্রুত দাখিলের প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। | পরিচালক ও উপপরিচালক (সংশ্লিষ্ট সকল) |

### ৬. অডিট আপত্তি নিষ্পত্তিঃ

| | | |
|---|---|---|
| ক) উপপরিচালক (বাজেট/হিসাব) বলেন যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রকল্প বাদে কেবল রাজস্ব খাতে ১৯৮৩-১৯৮৪ থেকে ২০২৩-২০২৪ পর্যন্ত প্রধান কার্যালয়ের মোট অনিস্পন্ন অডিট আপত্তি ১৩৩টি। যার মধ্যে ১২১ টি আপত্তির ব্রডশীট জবাব ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ১২ টি আপত্তির ব্রডশিট জবাব মন্ত্রণালয়ের প্রেরণের নিমিত্ত শাখাগুলো বরাবরে ০৯/০২/২০২৬ খ্রি: তারিখে তাগিদপত্র প্রদান করা হয়েছে মর্মে সভাকে জানান। | ক) অডিট আপত্তির ব্রডশীট জবাবের বিষয়ে মন্ত্রণালয়ের অডিট সেলের সাথে যোগাযোগ করে অধিদপ্তরের অডিট সেলের সভার আয়োজন করতে হবে। | ক. উপপরিচালক (১/২/বা:/হি:) |

| | | |
|---|---|---|
| খ) জেলা/ উপজেলা হতে প্রাপ্ত মোট ব্রডশীট জবাব ৪৭টি, নিস্পত্তির জন্য ৩১টি মন্ত্রণালয়ে প্রেরণ সংশ্লিষ্ট জেলায় সংশোধনের জন্য ৭টি ফেরত দেয়া হয়েছে এবং ০৯টি কার্যক্রম চলমান রয়েছে মর্মে উপপরিচালক (বাজেট/হিসাব) সভায় উল্লেখ করেন এবং গত মাসে ২১টি অডিট আপত্তি নিস্পত্তি হয়েছে। ৬৪টি জেলায় অভ্যন্তরীণ অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের ডিআরআরও এবং পিআইওদেরকে নিয়ে ক্রমান্বয়ে বিভাগওয়ারী সভা/প্রশিক্ষণের আয়োজনের পরিকল্পনা নেয়া হয়েছে। বিভাগওয়ারী প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। | খ) সামাজিক নিরাপত্তার অডিট আপত্তি কতটি এবিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>গ) জেলা/ উপজেলার কর্মকর্তা/কর্মচারীকে অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রস্তুতের বিষয়ে অবশিষ্ট বিভাগসমূহের ডিআরআরও এবং পিআইওদেরকে নিয়ে দ্রুত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | খ. উপপরিচালক (বা:/হি:/ প্রশিক্ষণ) |
| **৭. সামাজিক নিরাপত্তা কর্মসূচিঃ** | | |
| ক. কাবিখা/ কাবিটাঃ i) পরিচালক (কাবিখা) সভাকে জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরের কাবিখা ১ম ও ২য় পর্যায়ে উপজেলাভিত্তিক ১১৩২,৫০,০০,০০০ (এক হাজার একশত বত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা, ৬৭,৫০০ (সাতষট্টি হাজার পাঁচশত) মেট্রিক ট চাল ও ৬৭,৫০০ (সাতষট্টি হাজার পাঁচশত) মেট্রিক টন গম এর বিপরীতে এবং ফেনী ও কুমিল্লা জেলায় প্রকল্পভিত্তিক বিশেষ ০২টি প্রকল্পের বিপরীতে সারাদেশে প্রকল্পের কাজ চলমান। কাবিখা ২য় পর্যায়ে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সময় বাড়ানোর (Time Extension) বিষয়ে আলোচনা করা হয়। যে জেলাগুলোতে কাজের অগ্রগতি কম সে সব জেলাগুলোতে ফোন/পরিদর্শন করে তথ্য নিতে হবে। ১ম ও ২য় পর্যায়ে কাজের অগ্রগতি যথাক্রমে ৯৭.২১% ও ৫৫.৪৩%।<br>ii) টিআর কর্মসূচিঃ ২০২৫-২০২৬ অর্থবছরের টিআর ১ম ও ২য় পর্যায়ে উপজেলাভিত্তিক, পৌরসভা, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও সিটি কর্পোরেশন খাতে ১০১৮,৩৬,২৫,০০০/- (এক হাজার আঠারো কোটি ছত্রিশ লক্ষ পঁচিশ হাজার) এর বিপরীতে এবং চট্টগ্রাম ও নোয়াখালী জেলায় প্রকল্পভিত্তিক বিশেষ ১৩টি প্রকল্পের বিপরীতে সারাদেশে প্রকল্পের কাজ চলমান।<br>টিআর ২য় পর্যায়ে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সময় বাড়ানোর (Time Extension) বিষয়ে আলোচনা করা হয়। যে জেলাগুলোতে কাজের অগ্রগতি কম সে সব জেলাগুলোতে ফোনে কথা বলে বা পরিদর্শন করে তথ্য নিতে হবে। ১ম ও ২য় পর্যায়ে কাজের অগ্রগতি যথাক্রমে ৯৫% ও ৫৪.৪২%।<br>iii) খাল খনন কর্মসূচিঃ চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে খাল খনন সরকারের বিশেষ অগ্রাধিকার কর্মসূচির হিসেবে ৫৬টি জেলার ২১৫টি উপজেলায় ৩৮১টি প্রকল্পের বিপরীতে ১৫০০.০০ (একহাজার পাঁচশত) কিলোমিটার খাল খননের কাজ বাস্তবায়ন করবে। জেলা ও উপজেলায় খাল খনন প্রকল্পের নামের তালিকা ও প্রাক্কলন দ্রুত দাখিলের জন্য পত্র দেয়া হয়েছে। আগামী ০৪ (চার) বছরে ৭,০০০ (সাত হাজার) কিলোমিটার খালখনন কাজ বাস্তবায়ন করা হবে। ২০২৫-২০২৬ অর্থবছরে ইজিপিপি কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দ পাওয়া গেলে বাস্তবায়ন শুরু করার বিষয়ে আলোচনা করা হয়। | ক. i) ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রি-ওয়ার্ক যাচাইকারী কর্মকর্তাগণকে পরিদর্শনকালীন সময়ে Random প্রকল্প বাছাই করে প্রকল্পের সাইট পরিদর্শন করতে হবে।<br>ii) ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রি-ওয়ার্ক যাচাইকারী কর্মকর্তাগণকে পরিদর্শনকালীন সময়ে Random প্রকল্প বাছাই করে প্রকল্পের সাইট পরিদর্শন করতে হবে।<br>iii) সরকারের বিশেষ অগ্রাধিকার কর্মসূচির হিসেবে খাল খননের কাজ সুষ্ঠুভাবে দ্রুততার সাথে অগ্রাধিকারভিত্তিতে বাস্তবায়ন/সম্পাদন করতে হবে। IV) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ইজিপিপি কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দ পাওয়া গেলে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (কাবিখা) / উপপরিচালক (কাবিখা -১,২ ও ৩) |
| **৮. ভিজিএফ ও ঝুঁকিহ্রাস কর্মসূচিঃ** | | |
| (i) পরিচালক (ভিজিডি) জানান যে, পবিত্র ঈদুল উল ফিতর ২০২৬ উদযাপন উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় ৬৪টি জেলার ৪৯৫টি উপজেলা এবং ৩৩২টি পৌরসভায় খাদ্যশস্য বিতরণ করা হয়েছে। আসন্ন পবিত্র ঈদুল উল আযহা ২০২৬ উদযাপন উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় খাদ্যশস্য বিতরণের প্রস্তুতি নিতে হবে।<br>(ii) ঝুঁকিহ্রাস কর্মসূচির আওতায় ৬২টি জেলায় ২০০৩-২০০৪ অর্থবছর থেকে ২০০৬-২০০৭ অর্থবছরে মোট ১৪৫ কোটি ৬৪ লক্ষ ১৭ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়। এ পর্যন্ত সর্বমোট ৩৭ কোটি ৮৬ লক্ষ ৫০ হাজার ৯৯৬ টাকা আদায় করা হয়েছে। এছাড়া সাময়িক বেকারত্ব মোচন তহবিলের আওতায় ৭টি জেলায় ২০০৩-২০০৪ অর্থবছরে মোট ৪ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়। এ পর্যন্ত মোট আদায় ১ কোটি ২৮ লক্ষ ৬৬ হাজার ৫৩৭ টাকা। ঝুঁকিহ্রাস কর্মসূচি এবং সাময়িক বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী অর্থ আদায়ের জন্য ০৭ (সাত) সদস্য বিশিষ্ট টাস্কফোর্স গঠন করা আছে মর্মে পরিচালক (ভিজিডি) সভায় উল্লেখ করেন। | i) আসন্ন পবিত্র ঈদুল উল আযহা ২০২৬ উদযাপন উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় খাদ্যশস্য বিতরণের প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br><br>ii) ঝুঁকিহ্রাস এবং বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী টাকা আদায়ের ব্যবস্থা জোরদার করতে হবে। | পরিচালক (ভিজিডি)/ উপপরিচালক (ভিজিডি) |
| **৯. মূল্যায়ন ও পরিবীক্ষণঃ** | | |
| ক) পরিচালক (মূওপ) বলেন যে, ২০২৫–২০২৬ অর্থ বছরে কাবিখা/কাবিটা ও (টিআর) কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের নিয়মিতভাবে প্রকল্প এলাকা পরিদর্শন করতঃ পাক্ষিক প্রতিবেদন দাখিল করতে হবে।<br>যে সকল সহকারী পরিচালক, উপপরিচালক ও পরিচালকগণ তাদের দায়িত্বপ্রাপ্ত জেলা এখনও পরিদর্শন সম্পন্ন করেননি, তিনি তাদেরকে অতিদ্রুত পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিলের জন্য আহ্বান জানান। | (ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ জেলা ও উপজেলার অফিস এবং প্রকল্প পরিদর্শন করে অতিদ্রুত পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক(মূওপ) / উপপরিচালক (মূওপ ২)। |

| | | |
|---|---|---|
| খ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন প্রকাশনার দ্রুত সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। | (খ) ২০২৪ - ২০২৫ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ১০. অব্যবহৃত মালামাল নিষ্পত্তি সংক্রান্তঃ | |
| অধিদপ্তরের প্রধান কার্যালয়ে বিভিন্ন শাখায়/করিডোরে থাকা অব্যবহৃত চেয়ার, টেবিল, আইসিটি মালামাল ইত্যাদি নিলামে বিক্রির কার্যক্রম অতি দ্রুত সম্পন্ন করার বিষয়ে আলোচনা। | অধিদপ্তরের প্রধান কার্যালয়ে বিভিন্ন শাখায়/করিডোরে থাকা অব্যবহৃত চেয়ার, টেবিল, আইসিটি মালামাল ইত্যাদি সভা করে নিলামে বিক্রির কার্যক্রম অতি দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রোগ্রামার/সহকারী প্রকৌশলী (কাবিখা) |
| | ১১. ত্রাণ কার্যক্রমঃ | |
| (ক) সারাদেশে ২০২৫-২০২৬ অর্থবছরে ঢেউটিন ক্রয়ের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ৪৯৫টি উপজেলায় ২৯,৭০,০০,০০০/- (উনত্রিশ কোটি সত্তর লক্ষ) টাকা ও কম্বল ক্রয় জন্য ৫০,৯৯,৬০,০০০/- (পঞ্চাশ কোটি নিরানব্বই লক্ষ ষাট হাজার) টাকা এবং শুকনা ও অন্যান্য খাবার ক্রয় জন্য ১৪,৮৫,০০,০০০/- (চৌদ্দ কোটি পঁচাশি লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। মাঠ পর্যায়ে ম্যানুয়ালি ত্রাণ সামগ্রী এপ্রিল'২০২৬ এর মধ্যে ক্রয় করা যাবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>খ) কেন্দ্রীয় মজুত হিসেবে শুকনা ও অন্যান্য খাবার ৫২,৫১৭ ব্যাগ/বস্তা, ঢেউটিন ১,১৯০ বান্ডেল, কম্বল ৫,০৬৮ পিস, তাঁবু ১২,৮২৬ সেট এবং মশারি ২,১০০পিস মজুত রয়েছে। সারাদেশে ২০২৫-২০২৬ অর্থবছরে ত্রাণ সামগ্রী ক্রয়ের কার্যক্রম চলমান রয়েছে।<br>গ) বিভিন্ন জেলায় সচল ও অচল নৌযানের সার্বিক তথ্য সংশ্লিষ্ট জেলা হতে সংগ্রহ করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মোহাজের সম্পত্তি উদ্ধারের বিষয়ে আলোচনা করা হয়। যে সকল জেলায় মোহাজের সম্পত্তি আছে সে সকল জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের নিকট হতে হালনাগাদ তথ্য সংগ্রহ জেলা/ উপজেলায় কত জমি অবৈধ দখলে এবং কত জমি সরকারের দখলে আছে সে বিষয়ে তথ্যাদি প্রস্তুতের জন্য সভাপতি অতি গুরুত্ব সহকারে আলোচনা করেন।<br>(ঙ) ঢাকা জেলার ডেমরা ও মিরপুরে অবস্থিত মোহাজের সম্পত্তির স্থানসমূহ ডিআরআরও ঢাকা কর্তৃক সরেজমিনে পরিদর্শন অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | (ক) (১) জেলা/ উপজেলা হতে প্রতি মাসে কমপক্ষে দুইবার ত্রাণ সামগ্রী মজুদের পাক্ষিক প্রতিবেদন সংগ্রহ করতে হবে<br>(২) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত অর্থ দ্বারা জেলা/ উপজেলায় ম্যানুয়ালি ত্রাণ সামগ্রী এপ্রিল ২০২৬ এর মধ্যে ক্রয় করতে হবে।<br>(খ) বিভিন্ন জেলার সচল ও অচল নৌযানের তথ্য দ্রুত সংগ্রহ করতে হবে। সচল ও অচল নৌযানের বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে এবং মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে অচল নৌযান নিলামে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) মোহাজের সম্পত্তি উদ্ধার বিষয়ে আলাদা সভা করতে হবে। পরিচালক ত্রাণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। প্রয়োজনে রেকর্ড সংশোধনের পদক্ষেপ নিতে হবে। মোহাজের সম্পত্তিতে যেন নতুন করে কোন ইমারত বা ভবন নতুন করে তৈরী হতে না পারে সে বিষয়ে সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করতে হবে।<br>(ঙ) ঢাকা জেলার ডেমরা ও মিরপুরে অবস্থিত মোহাজের সম্পত্তির স্থানসমূহ ডিআরআরও ঢাকা কর্তৃক সরেজমিনে পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | পরিচালক (ত্রাণ)/ ডিআরআরওগণ<br><br>পরিচালক (ত্রাণ) উপপরিচালক (ত্রাণ-১/২) |
| | ১২. এমআইএম অনুবিভাগের কার্যক্রমঃ | |
| ক. পরিচালক (এমআইএম) সভাকে অবহিত করেন, সারাদেশের মধ্যে কিশোরগঞ্জ, কুমিল্লা, হবিগঞ্জ, নীলফামারী জেলায় উল্লেখযোগ্য লোক বজ্রপাত নিহত হয়েছে। উপজেলাওয়ারী দুর্যোগের ধরণভিত্তিক (যেমন: অগ্নিকান্ড, বজ্রপাত, নৌকাডুবি/ পানিতে ডুবি) ক্ষয়ক্ষতির তথ্যাদি রেজিষ্টারে নিয়মিত সংরক্ষণ করা হয় এবং ২০২৫ সালে জানুয়ারি হতে ডিসেম্বর পর্যন্ত পানিতে ডুবে ৪৩৮জন নিহত এবং ২২জন আহত হয়েছে। জানুয়ারি ২০২৫ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত জেলায় বজ্রপাতে ২৪৩ জন লোক নিহত ও ৫৪ জন লোক আহত, অগ্নিকান্ডে ০৭জন নিহত, নৌদুর্ঘটনায় ৪৩ জন নিহত ও ৮জন লোক আহত হয়েছে এবং ২০২৬ সালে এ পর্যন্ত বজ্রপাতে ১১ জন নিহত ও ০২ জন আহত হয়েছে মর্মে উপপরিচালক (এমআইএম) সভাকে অবহিত করেন।<br>খ. অধিদপ্তরের ওয়েবসাইট/ গ্যালারী কাজ নির্ভূলভাবে হালনাগাদ রাখা এবং জেলা/ উপজেলার ওয়েবসাইট ও তথ্য বাতায়ন আপডেট রাখার বিষয়ে আলোচনা করা হয়।<br>(গ) SOD অনুযায়ী সকল কমিটির সভা করার বিষয়ে আলোচনা করা হয়। | ক) EOD কর্মসূচির প্রশিক্ষন কার্যক্রম দ্রুত সমাপ্ত করার জন্য জুম মিটিং করতে হবে।<br>খ) উপজেলাওয়ারী দুর্যোগের ধরণভিত্তিক ডাটা (যেমন: অগ্নিকান্ড, বজ্রপাত, নৌকাডুবি/ পানিতে ডুবি) ক্ষয়ক্ষতির তথ্যাদিসহ ইউনিয়ন ভিত্তিক সংরক্ষণ অব্যাহত রাখতে হবে। বিভিন্ন দুর্যোগে বা বজ্রপাতে নিহত মানুষের হালনাগাদ তালিকা/তথ্য সংশ্লিষ্ট অধিশাখায় প্রেরণ করতে হবে। পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে সড়ক/নৌ/রেল পথে দূর্ঘটনায় ক্ষতিগ্রস্ত ঘরমুখো মানুষকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কতজনকে সাহায্য করা হয়েছে তার তথ্যাদি সংগ্রহ করতে হবে।<br><br>গ) অধিদপ্তরের ওয়েবসাইট/ জেলা/ উপজেলা হতে তথ্য সংগ্রহ করে ওয়েবসাইট সব সময় হালনাগাদ রাখতে হবে। সকল শাখার/ প্রকল্পের হালনাগাদ তথ্য প্রোগ্রামারকে দিতে হবে। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা বিভাগওয়ারী ওয়েবসাইটে আপলোড করতে হবে। এ জন্য বদলির কপি/ অনুলিপি তাৎক্ষণিকভাবে প্রোগ্রামারকে দিতে হবে। ঘ) সকল জেলা/ উপজেলার ওয়েবসাইট ও তথ্য বাতায়ন সব সময় আপডেট রাখতে হবে।<br>ঙ) ইমারজেন্সি অপারেশন ড্যাশ-বোর্ড তৈরীর বিষয়ে পদক্ষেপ নিতে হবে।<br>(চ) SOD অনুযায়ী সকল কমিটির সভা করতে হবে। | পরিচালক (প্রশাসন /এমআইএম), উপপরিচালক (এমআইএম) ও প্রোগ্রামার |

**১৩.পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগের কার্যক্রমঃ**

| | | |
|---|---|---|
| (ক) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে ১০টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া ০৬টি নতুন প্রকল্প গ্রহণের নিমিত্ত ডিপিপি/পিডিপিপি প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তাছাড়া, ২০২৫-২০২৬ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য প্রকল্প পরিচালকগণকে পরামর্শ প্রদান এবং নিয়মিত মনিটরিং করা হয়।<br>(খ) তিনি সভাকে আরোও অবহিত করেন যে, চীনা অনুদান সহায়তায় ঢাকায় ০১টি অত্যাধুনিক গুদামঘর এবং চট্রগ্রাম ও সিলেটে আরও দুটি আঞ্চলিক Regional Emergency Opeation Center (REOC) কাম গুদামঘর নির্মাণের লক্ষ্যে জেলা প্রশাসক ঢাকা ও চট্রগ্রাম এবং সিলেটকে জমির প্রাপ্যতা সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছে। | (ক) ঢাকায় ০১টি অত্যাধুনিক গুদামঘর এবং চট্রগ্রাম ও সিলেটে আরও দুটি REOC নির্মাণের জন্য জমি প্রাপ্যতা বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে।<br>(খ) সবুজ পাতায় অন্তর্ভূক্ত প্রকল্প সমূহের ডিপিপি/ টিএপিপি দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |

**১৪. GPMS বিষয়ে আলোচনানাঃ**

| | | | |
|---|---|---|---|
| GPMS বিষয়ে কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Governance Performance Monitoring System-GPMS) বাস্তবায়নের লক্ষ্যে খসড়া প্রস্তুতের নিমিত্ত শাখা/প্রকল্প সমূহের কার্যক্রমের ৩ বছরের খসড়া আবর্তক পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত স্ব স্ব অনুবিভাগ/শাখা/প্রকল্পের প্রস্তাবিত কার্যক্রম সমূহের লক্ষ্যমাত্রা (জেলাওয়ারী বিভাজনসহ) জিপিএমএস প্রতিবেদন যথাসময়ে GPMS শাখায় জমা প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | GPMS বাস্তবায়নের লক্ষ্যে খসড়া প্রতিবেদন প্রস্তুতের নিমিত্ত শাখাসমূহের পরিচালক/পরিকল্পনা পরিচালক/ প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষর ও হার্ড কপি/সফট কপি জিপিএমএস টিম লিডার এর বরাবরে প্রেরণের জন্য সিদ্বান্ত হয়। | GPMS টিমলিডার (পরিচালক গবেষণা ও প্রশিক্ষণ) |

**১৫. গবেষণা ও প্রশিক্ষণ অনুবিভাগের কার্যক্রমঃ**

| | | |
|---|---|---|
| (ক) গবেষণা অধিশাখাঃ বিভিন্ন দুর্যোগ ও দুর্যোগ ঝুঁকিহ্রাসে বিভিন্ন উপায় নির্ধারণে অধিকতর গবেষণা করা বিষয়ে আলোচনা।<br>(খ) প্রশিক্ষণ অধিশাখাঃ GPMS কর্ম-পরিকল্পনা এর লক্ষ্যমাত্রা এবং চলমান কার্যক্রম বাস্তবায়ন, অডিট আপত্তি ব্রডশীট জবাব তৈরী, ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরুপণ, প্রকল্পের প্রি-ওয়ার্ক/পোষ্ট-ওয়ার্ক পরিমাপ গ্রহণ, ডি নথি, এসিআর ও মোহাজের সম্পত্তি রেকর্ড সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>গ) জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর জন্য কমিটি গঠন করার বিষয়ে আলোচনা হয়। | (ক) গবেষণা অধিশাখাঃ বিভিন্ন দুর্যোগ ও দুর্যোগ ঝুঁকিহ্রাসে বিভিন্ন উপায় নির্ধারণসহ নতুন নতুন আইডিয়া উদ্ভাবনে অধিকতর গবেষণা করে সুনির্দিষ্ট উপায় বের করতে হবে।<br>খ) ২০২৫-২০২৬ অর্থ বছরের শুরুতেই পুরো বছরের প্রশিক্ষণ-সূচি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রশিক্ষণসূচিতে সকল ডিআরও এবং পিআইওকে Data base, SOD, Mental health, বুনিয়াদি প্রশিক্ষন, পিপিআর ২০২৫ মোতাবেক কর্মকর্তা/ কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>গ) জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর জন্য মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক কমিটি গঠনের কার্যক্রম গ্রহণ করতে হবে | ক. উপপরিচালক (গবেষণা)<br>খ.পরিচালক (প্রশিক্ষণ) |

**১৬. বিবিধঃ**

| | | |
|---|---|---|
| ক) ইতঃপূর্বে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণের ৯:০০ টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে উপস্থিতি/অবস্থান করার বিষয়ে আলোচনা হয়। | ক) এ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে উপস্থিতি/অবস্থান নিশ্চিত করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী |
| খ) সচিবালয় নির্দেশমালা-২০২৪, অনুচ্ছেদ নং ১০১, ১০২, ১০৩(১)(২) এর নির্দেশনা অনুযায়ী শাখাধীন নথির শ্রেণি বিন্যাস করতঃ শ্রেণিবিন্যাসকৃত নথির মধ্যে বিনষ্টযোগ্য নথি বিনষ্ট করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | খ) সচিবালয় নির্দেশমালা-২০২৪, অনুচ্ছেদ নং ১০১, ১০২, ১০৩(১)(২) এর নির্দেশনা অনুযায়ী শাখাধীন নথির শ্রেণি বিন্যাস করতঃ শ্রেণিবিন্যাসকৃত নথির মধ্যে বিনষ্টযোগ্য নথি বিনষ্ট করতে এবং পরিচালক (প্রশাসন) কে অবহিত করতে হবে। | (খ) সকল পরিচালক |
| গ) এ অধিদপ্তরে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়সহ দায়িত্বশীল আচরণ নিশ্চিত করার লক্ষ্যে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া বিদ্যুৎ সংযোগ সবসময় নিরাপদ রাখা এবং বৈদ্যুতিক যন্ত্রাংশ পরীক্ষা-নিরীক্ষা করে নিরাপদ সংযোগের বিষয়ে আলোচনা করা হয়। | গ) সংশ্লিষ্ট রুমে অবস্থানকারী কর্মকর্তা/ কর্মচারীগণ স্ব-স্ব অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করবেন। অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করবেন। অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ নিশ্চিত করবেন। | (গ) সকল কর্মকর্তা/কর্মচারী |
| ঘ) অফিসিয়াল ই-মেইল এবং বিভিন্ন অ্যাপস ব্যবহার বিষয়ে আলোচনা।<br>ঙ) সভায় ষ্টোর শাখার মালামাল গ্রহণ ও বিতরণ রেজিষ্টারে এন্ট্রি করার বিষয়ে আলোচনা করা হয়। | ঘ) অফিসিয়াল ই-মেইল এবং বিভিন্ন অ্যাপস সর্তকর্তার সাথে ব্যবহার করতে হবে।<br>ঙ) ষ্টোর শাখা হতে মালামাল গ্রহণ করে শাখায় মজুদ ও বিতরণ রেজিষ্টারে এন্ট্রি করে মালামাল ব্যবহার করার সিদ্ধান্তগৃহীত হয়। | (ঘ/ঙ) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রেজওয়ানুর রহমান)
মহাপরিচালক
ফোন: ০২-৫৮৮১৫৪৯৫

স্মারকনং -৫১.০১.০০০০.০০৩.০৬.০৪৩.২৪. ২৭৭ তারিখ: ১৬ .০৪.২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক/ প্রকল্প পরিচালক ..............................., (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০২। জেলা প্রশাসক ................................ (সকল),

০৩। উপপরিচালক/ উপপ্রকল্প পরিচালক, ,........................ (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, .................................................. (সকল)।

০৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাসিক সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

০৭। সহকারী পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৮। সহকারী প্রকৌশলী/ পিআইও (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৯। প্রধান ভারপ্রাপ্ত কর্মকর্তা, জরুরি ত্রাণ গুদাম, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১০। কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১১। কম্পিউটার অপারেটর/ হিসাব রক্ষক/ উচ্চমান সহকারী .... .............................. (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১২। মহাপরিচালক এর ব্যক্তি গত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৩। অফিস কপি।

১৬/৪/২৬

(তাসনূভা নাশতারান)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন-০২-২২২২৬১৩৬০